# বিসিএস প্রস্তুতি : ৪৫ দিনে বিসিএস শেষ সময়ের প্রস্তুতি (BCS Preparation)

বাংলাদেশ সিভিল সার্ভিস বা বিসিএস এর একজন গর্বিত সদস্য হতে কত ত্যাগ, তিতিক্ষা আর ধৈর্যের পরীক্ষা যে দিতে হয় তা একজন সফল বিসিএস ক্যাডারই জানেন। ক্যাডার হওয়ার স্বপ্ন যার মাথায় একবার চেপে বসে সে সরকারী চাকরীর বয়স শেষ হওয়া পর্যন্ত চেষ্টা চালিয়ে যেতেই থাকে। মূলত বছরের পর বছর চেষ্টা করেও অনেকে বিসিএস প্রিলিমিনারি  ধাপটিই পার করতে পারে না। তাই বিসিএস পরীক্ষায় সাফল্য অর্জন করতে প্রয়োজন পরিকল্পনা মাফিক গোছানো উপায়ে বিসিএস প্রস্তুতি নেওয়া।

বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতিকে আপনি যত সহজ ভাবে চিন্তা করতে পারবেন আপনার প্রস্তুতিও ততটাই সহজ হবে। অযথা ভয় না পেয়ে সঠিক কৌশল প্রয়োগ করে BCS Preparation শুরু করুন। বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রস্তুতি কত দিনে নিবেন তা সম্পূর্ণ নির্ভর করবে আপনার হাতে কেমন সময় আছে তার উপর।

আপনার হাতে যদি ৩০-৪০ দিনও সময় থাকে  প্রিলির প্রস্তুতি নিতে এটাই যথেষ্ট। মনে রাখবেন, প্রশ্ন যেমনই হোক বিসিএস প্রিলিতে কাট মার্কস ১২০-১৩০। আপনাকে জাস্ট প্রিলিতে পাস করতে হবে। প্রিলির এই মার্কস অন্য কোথাও এড হবে না। তাই ক্যাল্কুলেটিভ উপায়ে আপনার বিসিএস প্রস্তুতি শুরু করুন।

## বিসিএস প্রস্তুতির জন্য কিছু গুরুত্বপূর্ণ টিপস

মাত্র দেড়-দুই মাসে বা শেষ সময়ে কীভাবে বিসিএস প্রিলির জন্য পূর্ণাঙ্গ প্রস্তুতি  নিবেন সে সম্পর্কে আপনাদের সাথে কিছু পরামর্শ শেয়ার করছি।

⇒ বিসিএস প্রস্তুতি নিতে আপনি মোট কত ঘণ্টা পরবেন তা সম্পূর্ণ নির্ভর করবে আপনার ব্যাসিক জ্ঞান ও পড়া আত্মস্থ করার ক্ষমতার উপর। তাই যত কষ্টই হোক না কেন নিজের সর্বোচ্চ সময় পড়ার কাজে লাগাতে হবে।

⇒ হাতে যেহেতু সময় কম তাই বিসিএস প্রিলিমিনারি সিলেবাস পর্যালোচনা করে কোন বিষয়ে কত দিন সময় দিতে পারবেন তার একটি টার্গেট সেট করুন।

⇒ আপনি একটি বিষয়ে অধিক পারদর্শী হয়ে অন্য বিষয়ে দুর্বল হওয়ার চেয়ে সব বিষয়ে সম্বনয় করে পড়ুন। প্রথমেই ৩৫-৪৩ বিসিএস প্রিলিমিনারিতে কোন কোন টপিক বেশি এসেছে তা সিলেক্ট করে অপ্রয়োজনীয় টপিক গুলো বাদ দিয়ে দিন।

⇒ আপনি গ্ণিতে যতই ভাল হোন না কেন প্রতিদিন দেড়-দুই ঘণ্টা সময় গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা এই বিষয়ে অনুশীলন করুন। চর্চা ছাড়া এই ২টি বিষয়ে কখনোই ভাল করা যায় না।

⇒ ২/৩ দিন টানা কোন বিষয় পড়তে যাবেন না। এতে করে মনোযোগ ধরে রাখা যায় না।এক্ষেত্রে ৪৫ দিনে  বিসিএস পূর্ণাজ্ঞ প্রস্তুতি রুটিনটি ফলো করতে পারেন।

⇒ বিসিএস পরীক্ষার্থীদের জন্য বিসিএস প্রিলির ঠিক আগ মুহূর্তে প্রফেসরস প্রকাশনীর একটা বই বের হয়। সেই বইটি সংগ্রহ করে আগে বাংলা, ইংরেজি, গণিত ও বাংলাদেশ বিষয়াবলী পড়ে শেষ করুন।

বিসিএস পরীক্ষার এক মাস আগে থেকে নিয়মিত পত্রিকা (প্রয়োজনে অনলাইন পত্রিকা) পড়ুন এবং সমসাময়িক ঘটনাবলি আলাদা নোট করে রাখুন।

⇒ আপনার শেষ সময়ের বিসিএস প্রস্তুতিকে শাণিত করতে যেকোন একটি ডাইজেস্ট চোখ বুলিয়ে নিতে পারেন। তবে যাই পড়েন না কেন রিভিশনের কোন বিকল্প নেই। কি কি পড়লেন তার থেকেও বড় কথা কি কি আপনার মেমরিতে সেট হয়েছে।

⇒ বিসিএস শেষ মুহূর্তের প্রস্তুতি হিসাবে প্রিলি পরীক্ষার আগে কমপক্ষে ৮-১০ টি বিসিএস চূড়ান্ত মডেল টেস্ট দিন। এতে করে পরীক্ষার হলে সময় বন্টন সহ বিসিএস প্রিলিমিনারি সম্পর্কে আপনার খুব ভাল ধারণা হবে।

## ৪৫ দিনে বিসিএস পূর্ণাঙ্গ প্রস্তুতি (BCS Preparation)

দীর্ঘ সময় ধরে বিসিএস প্রস্তুতি নেওয়ার পর অনেকেই শেষ মুহূর্তে কিভাবে রিভিশন দিবে বা শেষ সময়ে কোন দিন কতটুকু পড়বে তা বুঝতে পারেন না। অথবা এমন অনেকেই আছেন যারা চাকরীর পাশাপাশি বিসিএসের প্রস্তুতি নিচ্ছে এবং তারা শেষ সময়ে এসে খুব সিরিয়াসলি পড়ে নিজের প্রস্তুতিটা যাচাই করে নিতে চান। শেষ মুহূর্তে কিভাবে আপনার প্রস্তুতিকে আর একবার যাচাই করে নিবেন সেই গাইডলাইনটি রয়েছে ৪৫ দিনে বিসিএস পূর্ণাজ্ঞ প্রস্তুতিতে।

**এক নজরে ৪৫ দিনে সম্পূর্ণ বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার সিলেবাসটি কীভাবে শেষ করবেন তা দেখে নিই-**

| দিন | বিষয় | টপিক |
|---|---|---|

| | | |
|---|---|---|
| **দিন-১** | **English ( Language)** | • The Noun (The Determiner, The Gender, The Number)<br>• The Pronoun<br>• The Adjective<br>• The Adverb<br>• The Verb (The Non-finite: Participles, Infinitives, Gerund; The Phrasal Verb ) |
| **দিন-২** | **গাণিতিক যুক্তি** | **পাটিগণিতঃ**<br>• শতকরা<br>• অনুপাত-সমানুপাত<br>• লাভ-ক্ষতি |
| **দিন-৩** | **বাংলা (ব্যাকরণ)** | • প্রয়োগ-অপপ্রয়োগ<br>• বানান ও বাক্যশুদ্ধি<br>• পরিভাষা<br>• সমার্থকশব্দ |
| **দিন-৪** | **English ( Language)** | • The Preposition<br>• Identification of Phrases & Clauses<br>• Corrections<br>• Right Form of Verbs<br>• Conditional Sentence |
| **দিন-৫** | **গাণিতিক যুক্তি** | **পাটিগণিতঃ**<br>• বাস্তবসংখ্যা<br>• লসাগু ও গসাগু<br>• সরল ও যৌগিক মুনাফা |
| **দিন-৬** | **বাংলা (ব্যাকরণ)** | • বিপরীতশব্দ<br>• ধ্বনি ও বর্ণ<br>• শব্দ<br>• পদ<br>• বাক্য |
| **দিন-৭** | **English ( Language)** | • Idioms & Phrase<br>• One Word Substitutions & Vocabulary |
| **দিন-৮** | **গাণিতিক যুক্তি** | **বীজগণিতঃ** |

| | | |
|---|---|---|
| | | • সূচক ও লগারিদম<br>• সমান্তর ও গুণোত্তর ধারা |
| **দিন-৯** | **বাংলা (ব্যাকরণ)** | • প্রত্যয়<br>• সন্ধি<br>• সমাস<br>• ণ ত্ব- ষ ত্ব বিধান<br>• উপসর্গ |
| **দিন-১০** | **গাণিতিক যুক্তি** | **বীজগণিত ও বিচ্ছিন্নগণিতঃ**<br>• বীজগাণিতিক সূত্রাবলী<br>• সরল ও দ্বিপদী সমীকরণ<br>• সেট |
| **দিন-১১** | **বাংলা (সাহিত্য)** | • প্রাচীন যুগ ও মধ্য যুগ |
| **দিন-১২** | **বাংলা (সাহিত্য)** | • তথ্য কণিকা<br>• ভাষা আন্দোলনভিত্তিক রচনা,মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ |
| **দিন-১৩** | **সাধারণ বিজ্ঞান** | • ভৌত বিজ্ঞান সম্পূর্ণ |
| **দিন-১৪** | **গাণিতিক যুক্তি** | • দ্বিপদী অসমতা<br>• জ্যামিতি<br>• পরিমিতি |
| **দিন-১৫** | **বাংলা (সাহিত্য)** | • রবীন্দ্রনাথ ঠাকুর<br>• কাজী নজরুল ইসলাম<br>• বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়<br>• জসীম উদদীন<br>• ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর |
| **দিন-১৬** | **সাধারণ বিজ্ঞান** | • জীব বিজ্ঞান সম্পূর্ণ |
| **দিন-১৭** | **মানসিক দক্ষতা** | • বানান ও ভাষা ( অর্ধেক)<br>• সংখ্যাগত ক্ষমতা<br>• সমস্যা সমাধান |

| | | |
|---|---|---|
| **দিন-১৮** | **বাংলা (সাহিত্য)** | • মাইকেল মধুসূদন দত্ত<br>• মীর মশাররফ হোসেন<br>• দীনবন্ধু মিত্র<br>• বেগম রোকেয়া<br>• সাখাওয়াৎ হোসেন<br>• কায়কোবাদ |
| **দিন-১৯** | **সাধারণ বিজ্ঞান** | • আধুনিক বিজ্ঞান সম্পূর্ণ |
| **দিন-২০** | **মানসিক দক্ষতা** | • বানান ও ভাষা ( বাকি অর্ধেক)<br>• ভাষাগত যৌক্তিক বিচার<br>• ৩৫-৪৩ বিসিএস (প্রিলি ও রিটেন প্রশ্ন সলভ) |
| **দিন-২১** | **বাংলা (সাহিত্য)** | • প্রমথ চৌধুরী<br>• মুনীর চৌধুরী<br>• আলাউদ্দিন আল আজাদ<br>• মানিক বন্দ্যোপাধ্যায়<br>• জহির রায়হান<br>• শরৎচন্দ্র ইত্যাদি। |
| **দিন-২২** | **কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি** | **কম্পিউটারঃ**<br>• কম্পিউটার পেরিফেরালস- কীবোর্ড, মাউস, ও সিআর ইত্যাদি<br>• কম্পিউটারের অঙ্গ সংগঠন- সিপিইউ, হার্ডডিস্ক, এএলইউ ইত্যাদি<br>• কম্পিউটারের পারফরমেন্স<br>• দৈনন্দিন জীবনে কম্পিউটার<br>• কম্পিউটারের নম্বর ব্যবস্থা |
| **দিন-২৩** | **মানসিক দক্ষতা** | • যান্ত্রিক দক্ষতা<br>• স্থানাংক সম্পর্ক<br>• ধারা নির্ণয়<br>• পাজল |
| **দিন-২৪** | **বাংলা (সাহিত্য)** | **পঞ্চ পান্ডবঃ**<br>• জীবনানন্দ দাশ<br>• বিষ্ণু দে<br>• অমিয় চক্রবর্তী |

| | | |
|---|---|---|
| | | • সুধীন্দ্রনাথ দত্ত<br>• বুদ্ধদেব বসু |
| **দিন-২৫** | **কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি** | **কম্পিউটারঃ**<br>• অপারেটিং সিস্টেম<br>• এমবেডেড কম্পিউটার<br>• কম্পিউটারের ইতিহাস<br>• কম্পিউটারের প্রকারভেদ<br>• কম্পিউটার প্রোগ্রাম- ভাইরাস, ফায়ারওয়াল ইত্যাদি<br>• ডেটাবেস সিস্টেম |
| **দিন-২৬** | **English ( Literature)** | • Literary Terms<br>• Literature ( Half part) |
| **দিন-২৭** | **নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন** | • সম্পূর্ণ সিলেবাস রিভিশন |
| **দিন-২৮** | **কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি** | • তথ্যপ্রযুক্তি সম্পূর্ণ সিলেবাস রিভিশন |
| **দিন-২৯** | **English ( Literature)** | • Literature ( Rest part)<br>• The Renaissance |
| **দিন-৩০** | **ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা** | • সম্পূর্ণ সিলেবাস রিভিশন |
| **দিন-৩১** | **বাংলাদেশ বিষয়াবলী** | • বাংলাদেশের জাতীয় বিষয়াবলী (১৯৪৭ সাল থেকে মুক্তিযুদ্ধ) |
| **দিন-৩২** | **English ( Literature)** | • Neo-Classical Period (The Restoration,The Augustan Period, The Age of Sentibility)<br>• The Romantic,The Victorian,The Modern,The Post Modern |
| **দিন-৩৩** | **বাংলাদেশ বিষয়াবলী** | • বাংলাদেশের কৃষিজ সম্পদ<br>• বাংলাদেশের জনসংখ্যা |
| **দিন-৩৪** | **বাংলাদেশ বিষয়াবলী** | • সংবিধান |

| | | |
|---|---|---|
| **দিন-৩৫** | **বাংলাদেশ বিষয়াবলী** | • বাংলাদেশের অর্থনীতি<br>• বাংলাদেশের শিল্প ও বাণিজ্য |
| **দিন-৩৬** | **বাংলাদেশ বিষয়াবলী** | • বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা<br>• বাংলাদেশের সরকার ব্যবস্থা |
| **দিন-৩৭** | **আন্তর্জাতিক বিষয়াবলী** | • আন্তর্জাতিক সংগঠনসমূহ এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি<br>• জাতিসংঘ,জাতিপুঞ্জ,অর্থনৈতিক জোট,রাজনৈতিক জোট ইত্যাদি। |
| **দিন-৩৮** | **আন্তর্জাতিক বিষয়াবলী** | • আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি<br>• বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনা প্রবাহ |
| **দিন-৩৯** | **আন্তর্জাতিক বিষয়াবলী** | • বৈশ্বিক ইতিহাস,আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি<br>• আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক |
| **দিন-৪০** | **রিভিশন** | • বাংলা ব্যাকরণ রিভিশন<br>• প্রশ্ন ব্যাংক সলভ |
| **দিন-৪১** | **রিভিশন** | • English Language Revision<br>• Question Solve |
| **দিন-৪২** | **রিভিশন** | • সাধারণ বিজ্ঞান রিভিশন<br>• প্রশ্ন ব্যাংক সলভ |
| **দিন-৪৩** | **রিভিশন** | • গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা (সূত্র অনুশীলন) |
| **দিন-৪৪** | **রিভিশন** | • কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি রিভিশন<br>• প্রশ্ন ব্যাংক সলভ |
| **দিন-৪৫** | **রিভিশন** | • বাংলাদেশ বিষয়াবলী রিভিশন<br>• প্রশ্ন ব্যাংক সলভ |
| **Extra day** | **রিভিশন** | • আন্তর্জাতিক বিষয়াবলী<br>• ডাটা রিভিশন (অর্থনৈতিক সমীক্ষা,জিডিপি রিপোর্ট,কৃষি বর্ষ পরিসংখ্যান) |

## বিসিএস প্রিলি ফেলের কিছু কারণ (BCS Preliminary Preparation)

বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা সবচেয়ে বেশি প্রতিদ্বন্দ্বীমূলক। লক্ষ লক্ষ প্রার্থী থেকে শুধুমাত্র যারা প্রিলিতে কাঙ্ক্ষিত কাট মার্ক পেতে পারে তারাই বিসিএস লিখিত পরীক্ষার যোগ্যতা অর্জন করতে পারে। অনেক সময় দেখা যায় অল্প সময় পড়েও অনেকে বার বার প্রিলি পাস করছে অথচ ৫-৬ বছর প্রস্তুতি নিয়েও অনেকে প্রিলিই পার করতে পারছে না। এক্ষেত্রে যে বিষয়টি কাজ করে তা হল পড়ার কৌশল ও আপনার আত্মবিশ্বাস। তাছাড়াও কিছু কারণ রয়েছে যা প্রিলি ফেলের জন্য দায়ী-

☞ শেষ সময়ে প্রয়োজনীয়- অপ্রয়োজনীয় সব কিছু পড়ে মাথায় বেশি চাপ নেওয়া। ফলে পরীক্ষাড় হলে কনফিউজড  হয়ে সহজ প্রশ্নও ভুল করা।

☞ নেগেটিভ মার্ক বিসিএস  প্রিলিমিনারির জন্য খুবই ভয়ানক। না জেনে আন্দাজে দাগাতে গিয়ে নিজের কাট মার্কটিও হারিয়ে ফেলে। তাই নেগেটিভ মার্কিংয়ের বিষয়ে যথেষ্ট সতর্ক থাকতে হবে।

☞ অনেকে ভাসা ভাসা জ্ঞান নিয়ে প্রিলি দিতে গিয়ে ধরা খায়। তাছাড়া অনেকে আছে শেষ সময়ে কোন পূর্ণাঙ্গ BCS Model Test না দিয়েই পরীক্ষার হলে চলে যায়।ফলে পরীক্ষার হলে সময় ঠিকমত মেইনটেইন করতে পারে না।

তাই বিসিএস প্রিলি পরীক্ষার সময় এই বিষয়গুলো অবশ্যই খেয়াল রাখতে হবে।

**এবার আসি** তাদের কথায় যারা স্নাতক বা স্নাতকোত্তর পরীক্ষা শেষ করে পুরোদমে বিসিএস প্রস্তুতি শুরু করতে চান। আপনি যদি ৪-৫ মাস সময় হাতে নিয়ে বিসিএস প্রিলি প্রস্তুতি শুরু করতে পারেন তাহলে বিসিএস সহ সকল সরকারী

চাকরীর জন্য আপনার প্রস্তুতি অনেকটাই গোছানো হয়ে যাবে। তাই একটি পূর্ণাঙ্গ বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি নিতে আপনাদের জন্য রয়েছে- ১৫০ দিনে বিসিএস পূর্ণাঙ্গ প্রস্তুতি।

## বিসিএস প্রস্তুতি (১৫০ দিনে বিসিএস পূর্ণাঙ্গ প্রস্তুতি)

বিসিএস প্রিলির পূর্ণাঙ্গ প্রস্তুতি রুটিন মাফিক নেয়া উচিৎ। নিজের স্ট্রং ও উইক জোনকে কেন্দ্র করে রুটিনটি নিজেই বানালে সবচেয়ে ভালো হয়। তাছাড়া আপনি আমাদের ১৫০ দিনের বিসিএস প্রোগ্রামের রুটিনটি ফলো করতে পারেন। ফলে সাথে সাথে আপনি এক্সামে পারটিসিপেট করে আপনার প্রস্তুতি যাচাই করতে পারবেন।

১৫০ দিনের বিসিএস প্রোগামের রুটিনটি দেখতে এখানে ক্লিক করুন।

সবশেষে, বিসিএস পরীক্ষায় প্রতিযোগীতা এবং প্রতিযোগী দুটোই অনেক বেশি।তাই এখানে সফল হতে হলে ধৈর্য ধরে পরিকল্পনা মাফিক পড়াশোনা করতে হবে।মনে রাখবেন বিসিএস চূড়ান্ত প্রস্তুতিতে মডেল টেস্টের কোন বিকল্প নাই।যত পারেন BCS Model Test এ অংশ গ্রহণ করুন।

বিসিএস মানেই গদবাধা মুখস্থ বিদ্যা নয়। নিজের বুদ্ধি খাটান। নিজের উপর দৃঢ় আত্মবিশ্বাস রাখতে শিখুন।বিসিএস পথ চলা অনেক বেশি দীর্ঘ। এই পথে প্রতিবন্ধকতাও তাই একটু বেশি।নিজের সবটুকু দিয়ে চেষ্টা করুন। সৃষ্টিকর্তা সহায় হলে আপনার সাফল্য ঠেকায় কে!!